# সাত কলেজের অধিভুক্তি বাতিল না করলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৭ নভেম্বর,
২০২৪ ২২:১৭

শেয়ার

অ +

অ -




সংগৃহীত ছবি

রাজধানীর সরকারি সাতটি কলেজের অধিভুক্তি বাতিল না করলে উপাচার্যের বাসভবনের সামনে আমরণ অনশনসহ কঠোর কর্মসূচি দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) একদল শিক্ষার্থী।

রবিবার (১৭ নভেম্বর) বিকেলে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনের সামনে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে তারা এ কথা জানান।

সংবাদ সম্মেলনে ঢাবির আরবি বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের মোহাম্মদ আব্বাস উদ্দিন বলেন, 'সাত কলেজের অধিভুক্তি বাতিলের বিষয়টা আজকের নয়, আমরা ২০১৯ সাল থেকে আন্দোলন করছি। সে সময় অধিভুক্তি বাতিলের আন্দোলনে বর্তমান অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ এবং নাহিদ ইসলামও অংশ নিয়েছিলেন।

তবে সম্প্রতি আমরা জানতে পেরেছি, বিশ্ববিদ্যালয়ের ভেতরে সাত কলেজের জন্য আলাদাভাবে ভবন নির্মাণ করা হবে। এটি একটি অযৌক্তিক বিষয়।'

তিনি বলেন, 'অধিভুক্তির ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রশাসনিক কার্যক্রমে বিড়ম্বনা পোহাতে হচ্ছে। শিক্ষকরা সাত কলেজের খাতা মূল্যায়ন, কারিকুলাম, প্রশ্নপত্র প্রণয়ন, ব্যবহারিক পরীক্ষা ও ভাইভা ইত্যাদি বিষয় নিয়ে ব্যস্ত থাকার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অবহেলার শিকার হন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত পাঠদান ব্যাহত হচ্ছে এবং ফল প্রকাশেও বিলম্ব হচ্ছে।'

সরকারসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দ্রুত সাত কলেজের অধিভুক্তি বাতিল করার আহ্বান জানিয়ে নাফিউর রহমান রাকিব নামক আরেক শিক্ষার্থী বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশাসন যেন নতুন করে কোনো শিক্ষার্থী ভর্তি না করেন, সেটি নিশ্চিত করতে হবে। আমরা কেউ চাই না সাত কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত থাকুক। এরপরও যদি আমাদের এ দাবি মেনে নেওয়া না হয়, তাহলে আমরা কঠোর কর্মসূচি ঘোষণা করব।

পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনে উপাচার্যের বাসভবনের সামনে আমরণ অনশন করা হবে।'